

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২১৮.০০.০৬৬.১৬- ৪৩


তারিখঃ ০২/১২/১৪২২ বঃ
১৬/০৩/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ২৮/০৩/২০১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তর করার প্রক্রিয়া আরম্ভ করা হবে। এই প্রক্রিয়াটি সম্পন্ন করতে সর্বোচ্চ ৭২ ঘন্টা ই-মেইল সার্ভিস বিঘ্নিত হতে পারে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তর হলেও ডোমেইনভুক্ত ব্যবহৃত পূর্বের সকল ই-মেইল এড্রেস অপরিবর্তিত থাকবে। তবে সম্পূর্ণ নতুন সিস্টেমে ই-মেইল এড্রেসগুলো তৈরীর কাজ সম্পন্ন করা হলেও কারিগরি কারণে সংশ্লিষ্ট ব্যবহারকারীর পূর্বের মেইলগুলো স্থানান্তর করা সম্ভব হবেনা।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd) এর টেলিফোন এবং ই-মেইল মেনুতে ডোমেইনভুক্ত সকল ই-মেইল ব্যবহারকারীদের ই-মেইল এড্রেস দেয়া আছে। ই-মেইল সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তরের জন্য নির্ধারিত তারিখের পূর্বেই জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডোমেইনভুক্ত সকল ই-মেইল ব্যবহারকারীদের তাঁদের মেইল বক্স এর প্রয়োজনীয় মেইলসমূহ নিজ দায়িত্বে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে হার্ডকপি প্রিন্ট করে রাখা যেতে পারে অথবা ব্যক্তিগত ই-মেইলে ফরোয়ার্ড করে সাময়িকভাবে সংরক্ষণ করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-মেইল সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে স্থানান্তরের পর অর্থাৎ আগামী ৩০/০৩/২০১৬ তারিখ থেকে তাঁর অধিনস্থ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডোমেইনভুক্ত সকল ই-মেইল ব্যবহারকারীদের অবগতির জন্য পার্সওয়ার্ড প্রদান করা হলো। ব্যবহারকারীদেরকে তাদের পার্সওয়ার্ডের গোপনীয়তা, পরিবর্তন এবং সংরক্ষণের জন্য যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(মোঃ মোছলেহ উদ্দিন)
সিনিয়র সিস্টেমস এনালিস্ট
ফোনঃ ৯৫৪০৪৮৫
ইমেইলঃ ssa@mopa.gov.bd

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার বিভাগ।
- ৩। জেলা প্রশাসক।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। সহকারী প্রোগ্রামার- ২, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।